# শীতকাল কবে আসবে সুপণা

শীতকাল কবে আসবে সুপর্ণা আমি তিনমাস ঘুমিয়ে থাকব - প্রতি সন্ধ্যায়
যে যেন ইয়ার্কি করে ব্যাঙের রক্ত
ঢুকিয়ে দেয় আমার শরীরে -- আমি চুপ করে বসে থাকি -- অন্ধকারে
নীল ফানুস উড়িয়ে দেয় কারা সারারাত বাজি পোড়ায়
হৈ-হল্লা - তারপর হঠাৎ
সব মোমবাতি ভোজবাজির মতো নিবে যায় একসঙ্গে - উৎসবের দিন
হাওয়ার মতো অন্যদিকে ছুটে যায়, বাঁশির শব্দ
আর কানে আসে না -- তখন জল দেখলেই লাফ দিতে ইচ্ছে করে আমার
মনে হয় -- জলের ভেতর -- শরীর ডুবিয়ে
মুখ উঁচু করে নিঃশ্বাস নি সারাক্ষণ -- ভালো লাগে না সুপর্ণা, আমি
মানুষের মতো না, আলো না, স্বপ্ন না -- পায়ের পাতা
আমার চওড়া হয়ে আসছে ক্রমশ -- ঘোড়ার ক্ষুরের শব্দ শুনলেই
বুক কাঁপে, তড়বড়ে নিঃশ্বাস ফেলি, ঘড়ির কাঁটা
আঙুল দিয়ে এগিয়ে দিই প্রতিদিন -- আমার ভালো লাগে না -- শীতকাল
কবে আসবে সুপর্ণা আমি তিনমাস ঘুমিয়ে থাকব

একবার ভোরবেলা ঘুম থেকে উঠেই মেঘ ঝুঁকে থাকতে দেখেছিলাম
জানালার কাছে -- চারিদিকে অন্ধকার
নিজের হাতের নখও স্পষ্ট দেখা যাচ্ছিল না সেদিন -- সেইদিন
চুল পোড়ার গন্ধে ঘুমিয়ে পড়েছিলাম আবার --
এখন আমি মানুষের মতো না -- রাস্তা দিয়ে হাঁটতে হাঁটতে
হঠাৎ এখন লাফ দিতে ইচ্ছে করে আমার -- ভালোবাসার কাছে, দীর্ঘ তিনম
াস
আর মাথা নিচু করে বসে থাকতে ভালো লাগে না -- আমি
মানুষের পায়ের শব্দ শুনলেই
তড়বড়ে নিঃশ্বাস ফেলি এখন -- যে-দিক দিয়ে আসি, সে-দিকেই দৌড় দিই
কেন এই দৌড়ে যাওয়া ? আমার ভালো লাগে না
আমি তিনমাস ঘুমিয়ে থাকব।

ভাস্কর চক্রবর্তী

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com